

অফিসের ল্যান (LAN) লাইন ও সার্ভার স্থানান্তরের জন্য উপযুক্ত প্রতিষ্ঠান আবশ্যিক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সৃষ্টি ‘সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)’-এর প্রধান কার্যালয় অন্যত্র স্থানান্তরের কারণে সংস্থার ল্যান (LAN) লাইন ও সার্ভার স্থানান্তরের জন্য বিভিন্ন প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের নিকট থেকে নিজস্ব প্যাডে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহ সরেজমিন এসডিএফ-এর বর্তমান অফিস এবং নতুন অফিস (যেখানে অফিস স্থানান্তরিত হবে) পরিদর্শনপূর্বক আর্থিক প্রস্তাবনা (সিফটিং চার্জ) দাখিল করবেন। নিম্নে বিস্তারিত বিবরণী প্রদান করা হলো:

ক্রঃনং	বিবরণ
০১।	<p>(ক) বর্তমান অফিস : জেড হাউজ, ৬/৬ ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।</p> <p>(খ) নতুন অফিস (যেখানে অফিস স্থানান্তরিত হবে) : ২২/২২ খিলজি রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।</p> <p>(গ) পরিবর্তনের সময় : অক্টোবর মাহের ২০১৮ খ্রি।</p>
০২।	<p>শর্তাবলী এবং কাজের প্রকৃতি:</p> <p>(ক) বর্তমান অফিসে সংযোজিত বিভিন্ন ল্যান (LAN) লাইন খোলা এবং নতুন অফিসে যথাযথভাবে প্রতিস্থাপন করতে হবে।</p> <p>(খ) অত্যন্ত সতর্কতা ও ধৈর্যের সাথে উক্ত কাজ সম্পূর্ণ করতে হবে। কোন প্রকার তাড়াহুড়ো করা চলবে না অথবা স্বল্প সময়ে কাজ শেষ করার জন্য কোনপ্রকার চাপ প্রয়োগ বা অনুরোধ করা যাবে না।</p> <p>(গ) এসডিএফ-এর সংশ্লিষ্ট কর্মকর্তার নির্দেশনা ও পরামর্শ মোতাবেক উক্ত লাইন প্রতিস্থাপন করতে হবে।</p> <p>(ঘ) বর্তমান অফিসে সংযোজিত বিভিন্ন ল্যান (LAN) লাইন খোলা এবং নতুন অফিস বিল্ডিং-এ স্থাপনের সময় অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হবে যেন বড় ধরণের ক্ষত সৃষ্টি না হয়।</p> <p>(ঙ) মালামাল প্যাকিং করা বা প্যাকিং খোলা, উঠানো বা নামানো এবং পরিবহনের সময় উক্ত মালামালের কোন প্রকার ক্ষতি হলে অথবা ভেঙে গেলে সম্পূর্ণ ক্ষতিপূরণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে (LAN লাইন ও সার্ভার স্থানান্তরকারী প্রতিষ্ঠান) কর্তৃক এসডিএফ কে প্রদান করতে হবে। অন্যথায় এসডিএফ কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের নিকট থেকে সমপরিমান অর্থ কর্তন করা হবে।</p> <p>(চ) মালামাল পরিবহনের সময় যেকোন ধরণের খরচ বা চার্জ সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান নিজ দায়িত্বে বহণ করবেন।</p> <p>(ছ) উক্ত সিফটিং-এর সময় যে কোন ধরণের দুর্ঘটনার জন্য সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) কর্তৃপক্ষ দায়ী থাকবে না।</p>
০৩।	মালামাল পরিবহনের ক্ষেত্রে কাভার্ড ভ্যান বা পিকআপ ব্যবহার করতে হবে, কোন ঠেলাগাড়ি বা তিন চাকার ভ্যান ব্যবহার করা যাবে না,
০৪।	আগ্রহী প্রতিষ্ঠানের ভ্যাট রেজিস্ট্রেশন, টিআইএন সার্টিফিকেট ও হালনাগাদ আয়কর পরিশোধ সার্টিফিকেট থাকতে হবে।
০৫।	<p>বিল প্রদান:</p> <p>(ক) সম্পূর্ণ কাজ সন্তোষজনকভাবে সম্পাদনের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান-কর্তৃক বিল দাখিলের প্রেক্ষিতে এসডিএফ-কর্তৃক যথানিয়মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে একাউন্ট পেই চেকের মাধ্যমে বিল প্রদান করা হবে।</p> <p>(খ) কোনক্রমেই অগ্রিম বা আংশিক বিল প্রদান করা হবে না, কার্যশেষে সমগ্র বিল প্রদান করা হবে।</p> <p>(গ) দেশের প্রচলিত নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে উৎসে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।</p>
০৬।	আবেদনপত্র প্রেরণের ঠিকানা: ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), জেড হাউজ, ৬/৬ ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
০৭।	আবেদনপত্র প্রেরণের শেষ সময় : ০৬/০৯/২০১৮ তারিখ বিকেল ০৫:০০ টা।
০৮।	কর্তৃপক্ষ যেকোন/সকল আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।